# সাস্টবার্তা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ত্রৈমাসিক মুখপত্র ॥ ৫৫-৫৬তম সংখ্যা ॥ জুলাই-ডিসেম্বর ২০২৩ ॥ শ্রাবণ-পৌষ ১৪৩০




ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোকর‍্যালি

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালিত

গত ১৫ আগস্ট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালিত হয়।

দিবসটির কর্মসূচির মধ্যে ছিলো সকাল ৯টায় কালো পতাকা ও কালো ব্যাজ ধারণ, সকাল ৯টা ১০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৯টা ৩০ মিনিটে শোক র‍্যালি, ১০টায় মৎস্যপোনা অবমুক্তকরণ, ১০টা ১৫ মিনিটে আলোচনা সভা, বাদ জোহর মিলাদ ও দোয়া মাহফিল, সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে প্রার্থনা সভা।

সকাল ৯টায় প্রশাসন ভবনের সামনে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন যথাক্রমে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন করেন। সকাল ৯টা ১৫মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, প্রক্টর, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, দপ্তর প্রধান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পুষ্পস্তবক অর্পণের পর যথাক্রমে শিক্ষক সমিতি, শাবি অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু পরিষদ, বিভিন্ন বিভাগ, আবাসিক হল, ছাত্র সংগঠন এবং স্বেচ্ছাসেবী সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

সকাল ৯টা ৩০মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে শোক র‍্যালি বের হয়। র‍্যালিতে বিশ্ববিদ্যালয় পরিবারের সবাই অংশগ্রহণ করেন। র‍্যালিটি প্রশাসন ভবনের সম্মুখ থেকে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে আইআইসিটি ভবনের সামনে এসে শেষ হয়। র‍্যালি শেষে ড. এম এ ওয়াজেদ মিয়া

আইআইসিটি ভবনের সম্মুখের লেকে মৎস্য পোনা অবমুক্ত করা হয়।

বেলা ১০টা ১৫মিনিটে মিনি অডিটোরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, জাতির পিতার হত্যাকাণ্ড পৃথিবীর ইতিহাসে জঘন্যতম ঘটনা। যেভাবে জাতির পিতাসহ পরিবারের অন্য সবাইকে হত্যা করা হয়েছে তা লোমহর্ষক। আমরা এখনও এ হত্যাকান্ডের ভয়াবহতা মানসপটে বয়ে বেড়াই। পিতা হারানোর শোককে শক্তিতে পরিণত করে আমাদের দেশ গঠনের কাজ করে যেতে হবে। জাতির পিতার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গঠনে সততা, জবাবদিহিতা এবং স্বচ্ছতার সহিত কাজ করতে হবে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেলের পরিচালক প্রফেসর ড. মো. আবদুল গনি, শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ড. চন্দ্রানী নাগ।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড.  মো. আনোয়ারুল ইসলাম, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. তুলসী কুমার দাস, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড.  স্বপন কুমার সরকার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান, শাবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ, শাবি ছাত্রলীগের পক্ষে খলিলুর রহমান, সজিবুর রহমান সুমন মিয়া, সহায়ক সমিতির নফিস মিয়া, শাবি কর্মচারী সমিতির সভাপতি সাদেক আহমেদ। সভায় সভাপতিত্ব করেন প্রফেসর ড.  এস এম সাইফুল ইসলাম এবং সঞ্চালনা করেন ড. মো. মাহবুবুল হাকিম।

## নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

গত ৩০ আগস্ট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের এ ইউনিটের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, বাংলাদেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে তোমরা যারা ভর্তি হয়েছ তারা সত্যিই ভাগ্যবান।

এ বিশ্ববিদ্যালয় সুশাসন, শিক্ষা ও গবেষণায় পথিকৃত। আমরা ইতোমধ্যে র‍্যাগিং মুক্ত, মাদকমুক্ত সেশনজটমুক্ত বিশ্ববিদ্যালয় গঠনে কার্যকরী পদক্ষেপ নিয়েছি। শিক্ষার্থী বান্ধব বিশ্ববিদ্যালয় গঠনে শিক্ষার্থীদের সকল সমস্যা সমাধানে প্রশাসন সদা তৎপর। তাই ইতোমধ্যে সকল বিভাগে ছাত্র উপদেষ্টা নিয়োগ দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আইনকানুন মেনে চলতে হবে। অন্যায়কে কখনো মেনে নেয়া হবে না।

বিশেষ অতিথির বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন



নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন, ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

বলেন, নবীনরা হলো ফুলের কলির মত। যখন মেধার স্বাক্ষর রেখে পড়াশোনা সম্পন্ন করে কর্মক্ষেত্রে প্রবেশ করবে তখন হবে পরিবার, সমাজ ও রাষ্ট্রের জন্য সুবাসে ফোটা ফুল। তোমাদের মেধার বিকাশের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল ধরনের উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করেছে।

অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এবং স্বাগত বক্তব্য রাখেন ২০২২-২০২৩ ভর্তি কমিটির সদস্য সচিব ড. মো. মাহবুবুল হাকিম।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. বদিউজ্জামান ফারুক, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড.  মো. কামরুল ইসলাম, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. স্বপন কুমার সরকার, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, আইআইসিটির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম, প্রক্টর প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী, যৌন নিপীড়ন প্রতিরোধ সেলের সভাপতি প্রফেসর ড. সাবিনা ইসলাম, নবীন শিক্ষার্থী প্রতিক পনতীর্থ এবং অর্পা জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২০২২-২০২৩ ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. স্বপন কুমার সরকার।

অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ‘মাই সাস্ট’ অ্যাপের উদ্বোধন করেন।

## ব্যবসায় প্রশাসন বিভাগের ২৫তম ব্যাচের নবীনবরণ

গত ৩১ আগস্ট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় প্রশাসন বিভাগের ২৫তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, কোনো কাজ পারব না এ কথাটা চিন্তায় আনা যাবে না। এতদূর যেহেতু তোমরা চলে এসেছ সেহেতু আগামীতেও তোমরা সব কিছু পারবে। আর তোমরা সফল হলেই দেশ, জাতি ও পরিবার পাবে আস্থার জায়গা। নতুন সবার সফল ও সুন্দর আগামীর জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সর্বদা তৎপর।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিভাগীয় প্রধান ও স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেজ এডমিনিস্ট্রেশনের ডিন প্রফেসর ড. মাজহারুল হাসান মজুমদার এবং স্বাগত বক্তব্য রাখেন ব্যবসায় প্রশাসন বিভাগের ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. মিজানুর রহমান।

নবীন শিক্ষার্থী জিয়াদ জোবায়েরি এবং তাকিয়া জান্নাত ২৫তম ব্যাচের পক্ষে বক্তব্য রাখেন।

প্রফেসর সোবহানা তানজিনা আতিক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং এসিস্টেন্ট প্রফেসর সায়মা সাদিয়া চৌধুরী শাওন অনুষ্ঠান পরিচালনা করেন।

বক্তব্য পর্বের শেষে বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলিং সাইকোলজিস্ট ফজিলাতুন্নেছা শাপলা একটি মনোজাগতিক সেশন পরিচালনা করেন। এতে নবাগত শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## পরিসংখ্যান বিভাগে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেনের অভ্যর্থনা

গত ৩১ আগস্ট সকাল সাড়ে ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগের আয়োজনে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেনের অভ্যর্থনা এবং নবাগত ৩২তম পরিসংখ্যান ব্যাচের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।




পরিসংখ্যান বিভাগে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড মো. কবির হোসেনকে সম্মাননা স্মারক প্রদান

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, আমি বিগত ৩০ বছরের অধিক এ বিভাগে কর্মরত ছিলাম। অল্পকিছু দিন আগে আমি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করি। এই জন্য আমি মহান আল্লাহ পাকের নিকট এবং আমার পথচলায় অংশীজনদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। নতুনদের উদ্দেশ্য এইটুকু বলবো, তোমরা আমার থেকেও সফল হবে। আমি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অপেক্ষমান থেকে ভর্তি হয়েছিলাম। কিন্তু তোমরা মেধা তালিকায় মেধাবী হয়ে এ বিভাগে এসেছ। তিনি বলেন, সততা ও পরিশ্রমের মাধ্যমে তোমরা এগিয়ে যাও এই কামনাই করি।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন পরিসংখান বিভাগের প্রফেসর ড. মো. আজিজুল বাতেন এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. সাবিনা ইসলাম, প্রফেসর ড. আহমেদ কবির, প্রফেসর ড. মোহাম্মদ তাজ উদ্দিন, সহযোগী অধ্যাপক মোহাম্মদ রুমেল ভূইয়া।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিসংখ্যান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. রহমত আলী এবং সঞ্চালনা করেন প্রফেসর ড. মো. জামাল উদ্দিন।

## প্রফেসর ড. মো. কবির হোসেন শাহজালাল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৬.১১.০০২.২১-১৫০ তারিখ ১০ জুলাই, ২০২৩ এর প্রেক্ষিতে গত ১০ জুলাই দুপুরে এই বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের শিক্ষক প্রফেসর ড. মো. কবির হোসেন প্রো-ভাইস চ্যান্সেলর পদে যোগদান করেন। যোগদান শেষে তিনি বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ পদে যোগদানের সময় তিনি বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের প্রশাসক ও শিক্ষক সমিতির সভাপতির দায়িত্ব পালন করছিলেন। ইতোপূর্বে তিনি



প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড মো. কবির হোসেনকে ফুল দিয়ে বরণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

সিন্ডিকেট সদস্য (৪ বার), একাডেমিক কাউন্সিলের সদস্য, ডিন, সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক, পরিবহন প্রশাসক, বিভাগীয় প্রধান, শিক্ষক সমিতির সভাপতি (২০১৩, ২০১৫, ২০২৩), সাধারণ সম্পাদক (২০০৮) সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০১২ সাল থেকে বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সহ-সভাপতির দায়িত্ব পালন করছেন।

প্রফেসর ড. মো. কবির হোসেন কুমিল্লা জেলার বরুড়া উপজেলার পেরবেটি উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি এবং কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ থেকে এইচএসসি পাশ করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান বিষয়ে অনার্স, মাস্টার্স এবং পিএইচডি ডিগ্রি এবং জাপান থেকে পোস্ট ডক্টরাল ডিগ্রি অর্জন করেন। তিনি শিক্ষকতা জীবনে মোট ৩৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশ করেন। ১৯৯১ সালে তিনি শাবিপ্রবির পরিসংখ্যান বিভাগে প্রভাষক পদে শিক্ষকতা শুরু করেন। তাঁর গ্রামের বাড়ি কুমিল্লা জেলার বরুড়া উপজেলার অদ্দা গ্রামে। প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

## বার্ষিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১১ ও ১২ নভেম্বর বার্ষিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত হয়।

১১ নভেম্বর সকালে বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেন্টারের উদ্যোগে আয়োজিত এ গবেষণা সম্মেলনের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এবং সাস্ট রিসার্চ সেন্টারের সদস্য প্রফেসর ড. শামিম আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. হাসিনা খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- শাবিপ্রবির প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং পূবালী ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও মোহাম্মদ আলী।

ড. হাসিনা খান বলেন, বর্তমানে শাবি শিক্ষকদের মধ্যে গবেষণার নেশা তৈরি হয়েছে, এটা অত্যন্ত ভালো দিক। শিক্ষা-গবেষণায় এ বিশ্ববিদ্যালয়ের অনেক সুনাম রয়েছে। তাই শিক্ষকদের প্রতি আহ্বান জানাই চতুর্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে আমাদের অনেক কিছু নিয়ে গবেষণা করার আছে। আমরা যেন পিছিয়ে না পড়ি সেজন্য আমাদের কাজ করতে হবে।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বর্তমানে আমাদের বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা সমান্তরালে এগিয়ে যাচ্ছে। শিক্ষকরা আগের তুলনায় অনেক বেশি গবেষণায় আগ্রহী হচ্ছেন। তবে তাদের চাহিদা অনুযায়ী আমরা গবেষণা বরাদ্দ দিতে পারছি না। আশা করি, আমাদের যা প্রয়োজন সে অনুযায়ী ইউজিসি বরাদ্দ দেবে।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম। এতে সাস্ট রিসার্চ সেন্টারের সদস্য প্রফেসর এ জেড এম মঞ্জুর রশিদকে ভোট অব থ্যাংক্স দেওয়া হয়।

প্রসঙ্গত, দুই দিনব্যাপী এই বার্ষিক গবেষণা সম্মেলনে ১৯টি টেকনিক্যাল সেশনে মোট ১৮১টি গবেষণা ফলাফল উপস্থাপন করা হয়। পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরে সাস্ট রিসার্চ সেন্টারে আওতায় ১ বছর মেয়াদি ১৬১টি গবেষণা প্রকল্প, ২ বছর মেয়াদি ২৯টি গবেষণা প্রকল্প হাতে নেওয়া হয়। এই অর্থবছরে গবেষণায় মোট ৮ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া গবেষণা প্রণোদনা হিসেবে গবেষকদের জন্য আরো ৫০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়।

## ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড ২০২৩ প্রদান

গত ১১ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রশাসন ভবনের সভাকক্ষে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড-২০২৩ প্রদান হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, গবেষণায় এ বিশ্ববিদ্যালয় অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়। প্রতিবছর আন্তর্জাতিক মানসম্পন্ন গবেষণা প্রবন্ধ আন্তর্জাতিক

বিভিন্ন জার্নালে প্রকাশিত হচ্ছে। গবেষণা বাজেট ইতোমধ্যে সাতগুণ বৃদ্ধি করা হয়েছে। গবেষণা মান বৃদ্ধিতে ডিজিটাল লাইব্রেরি, টার্নইটইন সফটওয়্যার চালু করা হয়েছে। আন্তর্জাতিক র‍্যাংকিং বৃদ্ধি করতে ডিসটিংগুইসড (বিশিষ্ট) প্রফেসর নিয়োগ প্রদানের কাজ চলমান। আমি বিশ্বাস করি সকলের সহযোগিতায় আমরা আরো এগিয়ে যাবো।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, প্রফেসর ড. মুশতাক আহমদ, প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশিদ, প্রফেসর ড. মো. হান্নান, প্রফেসর ড. মোহাম্মদ জসিম উদ্দিন, প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, পরিবহন প্রশাসক প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রফেসর ড. শামীম আহমেদ, সহকারী অধ্যাপক মোহাম্মদ আফজাল হোসাইন।

উল্লেখ্য, এ বছর লাইফ সায়েন্স ক্যাটাগরিতে প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, সোশ্যাল সায়েন্স ক্যাটাগরিতে প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন এবং এপ্লাইড সায়েন্স ক্যাটাগরিতে সহকারী অধ্যাপক মোহাম্মদ আফজাল হোসেন ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড পাওয়ার গৌরব অর্জন করেন।



ডিনস অ্যাওয়ার্ড অনুষ্ঠানে অতিথিদের সঙ্গে অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকবৃন্দ

## ডিনস অ্যাওয়ার্ড প্রদান

গত ৩০ নভেম্বর বেলা ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মিনি অডিটরিয়ামে স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির আয়োজনে ডিনস অ্যাওয়ার্ড ফর রিসার্চ এক্সিলেন্স-২০২২ প্রদান করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, গতবছর বিভিন্ন আন্তর্জাতিক জার্নালে এ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের ৪৮২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে যা সত্যিই গর্বের এবং আনন্দের। একটি পরিপূর্ণ শিক্ষা ও গবেষণা নির্ভর বিশ্ববিদ্যালয় গঠনে গবেষণা বরাদ্ধ দশগুণ বৃদ্ধিসহ গবেষণার স্বীকৃতি স্বরূপ ডিনস অ্যাওয়ার্ড চালু করা হয়েছে। আমি বিশ্বাস করি আজকে যারা অ্যাওয়ার্ড পেয়েছেন তাঁরা সকলে আগামী দিনে আরো গবেষণা করে দেশ ও জাতির কল্যাণে কাজ করে যাবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম এবং সঞ্চালনা করেন প্রফেসর ড. মো. জহুরুল ইসলাম ।

এ বছর তিনটি ক্যাটাগরিতে স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির গবেষকদের ডিনস এওয়ার্ড প্রদান করা হয়। ক্যাটাগরি দুইয়ে Bangla Speech Emotional and Cross-Lingual Study Using Deep CNN and BLSTM Networks শীর্ষক গবেষণা প্রবন্ধের জন্য প্রফেসর ড. সাদিয়া সুলতানা এবং তাঁর Co-author-দের ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ক্যাটাগরি তিনে A Comparative Study of Heavy Metal Exposure Risk from Consumption of Some Common Species of Cultured and Captured Fishes of Bangladesh শীর্ষক গবেষণা প্রবন্ধের জন্য প্রফেসর ড. মোহাম্মদ রজলান হাবীব এবং গবেষণা প্রবন্ধের কো-অথোরদের ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়। কো-অথোরদের প্রফেসর ড. মো. মোজাম্মেল হক, প্রফেসর ড. মোহাম্মদ রুজলান হাবীবের পক্ষে অ্যাওয়ার্ড গ্রহণ করেন।

ক্যাটাগরি ৪ এ Critical Barriers to Industry 4.0 Adoption in Manufacturing Organisations and Their Mitigation Strategies শীর্ষক গবেষণা প্রবন্ধের জন্য প্রফেসর ড. আহমেদ সায়েম এবং তাঁর কো-অথোরদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

## স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশনের উদ্বোধন

গত ১৭ অক্টোবর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট বিভাগের আয়োজনে ইন্সটিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেলের সম্মেলন কক্ষে বেলা ১১টা ৩০মিনিটে জাপান বাংলাদেশের যৌথ উদ্যোগে স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশনের উদ্বোধন করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আবহাওয়া ও জলবায়ু বর্তমান বিশ্বে খুবই গুরুত্বপূর্ণ বিষয়। প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আবহাওয়া ও জলবায়ুর পরিমাপক ব্যবস্থা জরুরী। আজকে শাবিপ্রবির জন্য এক নতুন ঐতিহাসিক দিন। কারণ আজকে স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশনে এ বিশ্ববিদ্যালয়ের স্থাপিত হতে যাচ্ছে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন জাপানের কাগাওয়া বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. তারতেরা এবং জাইকা এক্সপ্রার্ট ড. মরিমাসা টিসুডা।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জিইই বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. আনোয়ারুল ইসলাম এবং সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক শাহনাজ শিমুল।

## জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট সোসাইটির আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত

গত ৫ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট সোসাইটির আয়োজনে একাডেমিক ভবন-এ-এর ৪১০ নম্বর রুমে Training on Application of Arc GIS Pro for Regional Planning শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিভাগীয় শিক্ষা ও গবেষণা কার্যক্রম আন্তর্জাতিক মানে উন্নীত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভাগের কার্যক্রমের যে কোনো উদ্যোগকে বাস্তবায়ন করতে সদা তৎপর। আর্কজিআইসের মত



জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট সোসাইটির আয়োজনে কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

আন্তর্জাতিক মানের সফটওয়্যার ব্যবহারে আজকের এই কর্মশালা বিভাগের শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে গড়ে তুলবে।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, সিলেট সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ইঞ্জিনিয়ার নুর আজিজুর রহমান।

কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক মো. নাজমুল কবির। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. আনোয়ারুল ইসলাম।




একাডেমিক ভবনের পার্কিং স্থান উদ্বোধন অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর ও অন্যান্য অতিথিবৃন্দ

## একাডেমিক ভবনের নবনির্মিত পার্কিং স্থান উদ্বোধন

গত ১২ নভেম্বর বেলা ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ভবন 'ডি' এবং একাডেমিক ভবন-সি-এর সম্মুখে নবনির্মিত পার্কিং স্থান উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। এতে মধ্যে শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি সহ বিভিন্ন অনুষদের ডিন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, প্রক্টর, বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রারসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পার্কিং স্থান নির্ধারণ এবং নির্মাণ কমিটির সভাপতি প্রফেসর ড. ফয়সল আহম্মদ।

## বেগম ফজিলাতুন্নেসা মুজিব হল সফট ওপেনিং

গত ১২ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত বেগম




বেগম ফজিলাতুন্নেসা মুজিব হল সফট ওপেনিং অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর

ফজিলাতুন্নেসা মুজিব হল সফট ওপেনিং করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, শিক্ষক সমিতি ভারপ্রাপ্ত সভাপতি এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট প্রফেসর ড. চন্দ্রানী নাগ সহ বিভিন্ন অনুষদের ডিন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, প্রক্টর, বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রারসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ।

সফট ওপেনিং এর পর ভাইস চ্যান্সেলর এবং প্রো-ভাইস চ্যান্সলর হল চত্বরে ফুলের চারা রোপন করেন। উল্লেখ্য, খুব শীঘ্রই বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।




'স্মার্ট ইউনিবেটর' এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর ও অন্যান্য অতিথিবৃন্দ

## শাবিপ্রবিতে 'স্মার্ট ইউনিবেটর হাব'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন

স্টার্টআপ সংস্কৃতির বিকাশ ঘটিয়ে তরুণদের উদ্যোক্তা হতে সহায়তা করতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি ইনোভেশন হাব 'স্মার্ট ইউনিবেটর' এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

১৮ অক্টোবর গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এই 'স্মার্ট ইউনিবেটর' এর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উদ্বোধন শেষে শেখ রাসেলের জন্মদিন উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শেখ রাসেল ছিলেন দুরন্তপনার প্রতিক। তিনি বেঁচে থাকলে বঙ্গবন্ধুর মতো বাংলাদেশকে নেতৃত্ব দিতে পারতেন। কিন্তু ঘাতকরা ১৯৭৫ সালে তাকে নির্মমভাবে হত্যা করে।

তিনি বলেন, শিক্ষার্থীদের স্মার্ট, দক্ষ জনশক্তি হিসেবে করে গড়ে তুলতে আমরা সার্বক্ষণিক কাজ করে যাচ্ছি। আজ ইউনিভার্সিটি ইনোভেশন হাবের 'স্মার্ট ইনোবেটর' উদ্বোধন করা হয়েছে যা একাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমরা চাই আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থী উদ্যোক্তা হিসেবে পাস করে বের হয়ে দেশের জন্য কাজ করুক।

প্রধানমন্ত্রীর বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে ভাইস চ্যান্সেলর বলেন, প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্বে বাংলাদেশ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। বিভিন্ন উদ্যোগ ও উন্নয়নের ফলে বাংলাদেশ সারাবিশ্বে অনন্য নজির সৃষ্টি করেছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমরাও অংশীদার হতে চাই। আশা করছি এক্ষেত্রে শাহজালাল বিশ্ববিদ্যালয় সফল হবে, বাংলাদেশও সফল হবে। এ ইনোভেশন হাবের অংশীদার হতে পেরে সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার আহ্বান করেন ভাইস চ্যান্সেলর।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেনের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান,

হল প্রভোস্ট, দপ্তর প্রধান, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন শাবিপ্রবির স্মার্ট ইউনিবেটর হাবের ফোকাল পয়েন্ট প্রফেসর ড. মো. ফরহাদ রাব্বী এবং তরুণ উদ্যোক্তা মাহবুব আহমেদ চৌধুরী (স্টার্টআপ প্রীতিলতা)। এসময় শাবিপ্রবিতে স্থাপিত স্মার্ট ইউনিবেটর এর একটি অ্যানিমেশন ভিডিও প্রদর্শন করা হয়।

বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের অধীন 'ডিজিটাল উদ্যোক্তা ও উদ্ভাবন ইকোসিস্টেম উন্নয়ন' প্রকল্পের আওতায় 'স্মার্ট ইউনিবেটর' প্রকল্পে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাড়াও রয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, ব্র্যাক ইউনিভার্সিটি, খুলনা বিশ্ববিদ্যালয়।



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাথে মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষরিত

গত ৮ অক্টোবর বেলা ১২টায় প্রশাসন ভবনের সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) স্বাক্ষরিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

শাবিপ্রবির পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে পক্ষে ক্রীড়া প্রকল্পের সহকারী পরিচালক শারমীন আক্তার সেতু চুক্তিতে স্বাক্ষর করেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. তুলসী কুমার দাস, প্রক্টর প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী, প্রফেসর ড. মো. আলমগীর কবির, সমুদ্র বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ড. সুব্রত সরকার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান প্রমুখ।

## মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষরিত

গত ৭ ডিসেম্বর বেলা সাড়ে ১১টায় প্রশাসন ভবনের সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং প্রিমিয়াম ফিসিং এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের মধ্যে মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) স্বাক্ষরিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। এমওইউতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং প্রিমিয়াম ফিসিং এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে প্রতিষ্ঠানে চিফ এক্সিকিউটিভ অফিসার মোহাম্মদ মাহাবুবুল আলম চৌধুরী স্বাক্ষর করেন।

এ সময় উপস্থিত ছিলেন স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ রেজা সেলিম, ফুড এন্ড টি টেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান




শাবিপ্রবি ও প্রিমিয়াম ফিসিং এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের মধ্যে এমওইউ স্বাক্ষরিত

প্রফেসর ড. ওয়াহিদুজ্জামান, প্রিমিয়াম ফিসিং এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের চেয়ারম্যান কল্লোল আহমেদ, উপদেষ্টা সালেহ আহমেদসহ শাবিপ্রবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, ভারপ্রাপ্ত হিসাব পরিচালক, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগের অন্যান্য উপস্থিত ছিলেন।




আন্তর্জাতিক মানসিক স্বাস্থ্য দিবসে বক্তব্য রাখছেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন

## আন্তর্জাতিক মানসিক স্বাস্থ্য দিবস পালিত

গত ১০ অক্টোবর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক মানসিক স্বাস্থ্য দিবস-২০২৩ উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রিয় গ্রন্থাগারের সামনে থেকে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেনের নেতৃত্বে এক র‍্যালি বের হয়। র‍্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে একাডেমিক ভবন-'এ'-এর সামনে এসে শেষ হয়।

বেলা ১০টা ৩০মিনিটে মিনি অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. কবির হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানসিক স্বাস্থ্যের বিকাশ ও যত্নের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। ইতোমধ্যে প্রত্যেক বিভাগে ছাত্র উপদেষ্টা নিয়োগ করা হয়েছে এবং কাউন্সিলিং সাইকোলজিস্ট সর্বদা শিক্ষার্থীদের সাথে কাজ করছে। হতাশা দূরীকরণে আমরা সবাই শিক্ষার্থীদের পাশে আছি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং স্বাগত বক্তব্য রাখেন প্রক্টর প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী। রিসোর্স পারসন হিসেবে বক্তব্য রাখেন কাউন্সিলিং সাইকোলজিস্ট ফজিলাতুন্নেছা শাপলা।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার।



প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ১৬ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে ৩দিনব্যাপী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের ১ম দিনের উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। এতে ১৭৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ে অন্যায়, অবিচার সহ্য করা হবে না। কিন্তু কোনো যৌক্তিক দাবী ফেলে দেয়া হবে না। কাজের গতি, স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য আমাদের কাজের প্রতি নিষ্ঠা থাকতে হবে। সবাই প্রতিদিনের কাজ প্রতিদিন শেষ করতে হবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর মো. ড. কবির হোসেন।

এ সময় অন্যান্যের মধ্যে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান। সঞ্চালনা করেন এপিএ-এর বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট ডেপুটি রেজিস্ট্রার আ ফ ম মিফতাউল হক।

প্রশিক্ষণ কর্মসূচিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. ফজলুর রহমান।

## শাহপরান হলে আধুনিক ভেন্ডিং মেশিন চালু

গত ২৭ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুপুর ১২টায় শাহপরান হলে শিক্ষার্থীদের প্রয়োজনীয় খাদ্য ও কোমলপানীয় সামগ্রী সরবরাহের আধুনিক ভেন্ডিং মেশিন উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর


শাহপরান হলে আধুনিক ভেন্ডিং মেশিন চালুর পর পরিদর্শন করছেন অতিথিবৃন্দ

ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, আধুনিক, শিক্ষার্থীবান্ধব এবং স্মার্ট বিশ্ববিদ্যালয় গঠনের অংশ হিসেবে আজ আবাসিক হলে ভেন্ডিং মেশিন উদ্বোধন করা হয়েছে। এখন থেকে যে কোনো সময় শিক্ষার্থীরা খাদ্য ও কোমলপানীয় নির্দিষ্ট অর্থের বিনিময়ে সরবরাহ পাবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন ইতোমধ্যে ডাইনিং এ সুলভ মূল্যে খাবার এবং নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করেছে। শিক্ষার্থীদের নিরাপদ পানি সরবরাহের জন্য ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ করা হয়েছে। পর্যায়ক্রমে সকল আবাসিক হলে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এবং ভেন্ডিং মেশিন স্থাপন করা হবে।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শাহপরান হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ মিজানুর রহমান খান, কর অঞ্চল সিলেটের কর কমিশনার সৈয়দ জাকির হোসেন।

এ সময় বিভিন্ন হলের প্রভোস্ট, ইন্সটিটিউটের পরিচালক, প্রক্টর, রেজিস্ট্রারসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত

গত ২ ডিসেম্বর শাহাজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সকাল ১০টায় মিনি অডিটরিয়ামে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করনীয়-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। কর্মশালায় বিভিন্ন বিভাগের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, স্মার্ট বাংলাদেশ গঠনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সময়োপযোগী ও কার্যকরী ভূমিকা পালন করতে হবে। কারণ শিক্ষকরাই জাতির জন্য বিভিন্ন ক্ষেত্রে ভবিষ্যৎ নেতৃত্ব তৈরি করে। ডিজিটাল ও প্রযুক্তি নির্ভর শিক্ষা পরিবেশ তৈরি করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন কাজ করে যাচ্ছে। ডি-নথি, ই-সাইন সার্টিফিকেট এবং ডিজিটাল লাইব্রেরি চালুর মাধ্যমে বিশ্ববিদ্যালয় প্রশাসন স্মার্ট বিশ্ববিদ্যালয় তৈরির কাজ শুরু করেছে। এখন প্রয়োজন সকলের ঐক্যবদ্ধ কর্মপ্রক্রিয়া।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে বক্তব্য রাখেন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. চৌধুরী আবু আনাম রাশেদ।

কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনোভেশন টিমের আহবায়ক এবং স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এর ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম এবং সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামার এবং ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কমিটির ফোকাল পয়েন্ট এস এম আমিন আল মুরাদ।



মোড়ক উন্মোচনের পর বার্ষিক প্রতিবেদন হাতে অতিথিবৃন্দ

## বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন

গত ৪ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বেলা ১১টায় প্রশাসন ভবনের সভাকক্ষে বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশনার মোড়ক উম্মোচন করা হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে আমরা গত বছরের মত এ বছরও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছি। আমরা বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের মানদণ্ডে ২য় অবস্থানে রয়েছি। আগামী বছর ১ম হওয়ার লক্ষ্যে কাজ করে যেতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টা থাকলে আমরা আমাদের লক্ষ্যে পৌছাতে পারব।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটির আহবায়ক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ড. চন্দ্রানী নাগ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. মাহবুবুল হাকিম, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু সাইদ আরেফিন খান, প্রফেসর ড. মোহাম্মদ বেলাল আহমেদ, চীফ ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার ড. মো মমিনুল হক, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান, হিসাব পরিচালক ভারপ্রাপ্ত সোহেল উদ্দিন আহমেদ, ডেপুটি রেজিস্ট্রার আ ফ ম মিফতাউল হক, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সায়েম তালুকদার এবং ডেপুটি রেজিস্ট্রার ড. আবুল ফজল মো. সালাউদ্দিন।

## মূল্য সংযোজন কর আদায়ে শাবিপ্রবি পুরস্কৃত

কাস্টমস এক্সসাইজ এন্ড ভ্যাট কমিশনারেট সিলেটের পক্ষ থেকে শাহজালাল



পুরস্কার গ্রহণ করছেন অতিরিক্ত হিসাব পরিচালক মো. নাজমুল হোসেন

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে সিলেট বিভাগের সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মধ্যে মূল্য সংযোজন কর আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত করে। গত ১০ ডিসেম্বর সকাল ১০টায় কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারের মেন্দিবাগ অফিসে ভ্যাট দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত সেমিনারে শাবিপ্রবিকে পুরস্কার ও সম্মাননা প্রদান করা হয়। শাবিপ্রবির পক্ষ থেকে অতিরিক্ত হিসাব পরিচালক মো. নাজমুল হোসেন পুরস্কার ও সম্মাননা পত্র কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার মোহাম্মদ এনামুল হকের নিকট হতে গ্রহণ করেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ১৩ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বেলা ১০টা ৩০মিনিটে ড. এম এ ওয়াজেদ আলী আইআইসিটি ভবনের ২০১ ও ২০৩ নম্বর কক্ষে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ (২য় ধাপ) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সংক্ষিপ্ত বক্তব্যে প্রধান অতিথি বলেন, পেপারলেস অফিস সৃষ্টি করতে ডি-নথি বাস্তবায়ন জরুরী। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে আমাদের ২য় অবস্থান থেকে ১ম অবস্থানে পৌঁছতে ডি-নথি বাস্তবায়ন করতে হবে। আমরা আশা করি বিজয়ের মাসে এ বিশ্ববিদ্যালয়ের ৮০ভাগ কাজ ডি-নথির মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা ডি-নথি বাস্তবায়ন কমিটি গ্রহণ করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম।

প্রশিক্ষণে বিভিন্ন বিভাগ ও দপ্তরের ৭০ এর অধিক শিক্ষক ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডি-নথি বাস্তবায়ন কমিটি ২০২৩-২০২৪ এর আহবায়ক প্রফেসর মোহাম্মদ মাসুম এবং সঞ্চালনা করেন ডি-নথি বাস্তবায়ন কমিটির সদস্য সচিব চীফ ইন্সট্রুমেন্ট ইঞ্জিনয়ার ড. খন্দকার মমিনুল হক।

## প্রথম ছাত্রী হলে জাতীয় দিবস পালন

শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে প্রথম ছাত্রীহল ১৪ ডিসেম্বর সকাল সাড়ে ৯টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে। মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে এবং বাংলার স্বাধীনতার সূর্য ছিনিয়ে আনতে শহিদ হওয়া সূর্যসন্তানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে প্রথম ছাত্রী হল ১৬ ডিসেম্বর সকাল ৮টায় শহিদ মিনারে এবং ৮.৪০মিনিটে বঙ্গবন্ধু ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করে। শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবসে আবাসিক ছাত্রীদের সরব অংশগ্রহণ ছিল।



২৬ ডিসেম্বর ২০২৩ শাবিপ্রবির অধিকতর উন্নয়ন (দ্বিতীয় পর্যায়)-এর আইএমইডি পরামর্শ সভা

## সিইই বিভাগের সাংস্কৃতিক সন্ধ্যা উদযাপন

গত ১৮ অক্টোবর সিভিল এন্ড এনভায়রনমেন্টাল (সিইই) বিভাগ কর্তৃক বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে CEE SOIREE শীর্ষক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান উদ্দেশ্য ছিল সিইই বিভাগের শিক্ষা, সংস্কৃতি ও ঐতিহ্য তুলে ধরা এবং শিক্ষার্থীদের একাডেমিক শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক মনোভাব গড়ে তোলা।

উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন স্কুল অব এপ্লাইড সায়েন্সস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। এছাড়া উপস্থিত ছিলেন প্রোগ্রাম চেয়ার প্রফেসর ড. মো. মিছবাহ উদ্দিন এবং আয়োজনের তত্ত্বাবধায়ক সহযোগী অধ্যাপক সৌরভ রায়। এ আয়োজনে প্রোগ্রামের প্লাটিনাম স্পন্সর হিসেবে ছিল “সিআরটিসি সাস্ট”।

উদ্বোধনের পর শুরু হয় সিইই বিভাগের শিক্ষার্থীদের দ্বারা প্রদর্শিত গান, নাটক, নৃত্য, শ্যাডো থিয়েটার এবং মাইম। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে সিইই বিভাগের সাংস্কৃতিক সন্ধ্যার সমাপ্তি ঘটে।

## সিইই বিভাগে সেমিনার অনুষ্ঠিত

গত ১৫ অক্টোবর সিভিল এন্ড এনভায়রনমেন্টাল (সিইই) বিভাগের Association of Civil and Environmental Engineering (ACEE) কর্তৃক আয়োজিত Technical Program On Introduction to BNBC 2020 and A Technical Program On Advanced Civil Engineering in Aviation Sector of Bangladesh শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারটি পরিকল্পনা ও পরিচালনায় ছিল সিইই এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ মিছবাহ উদ্দীন।

সেমিনারটি দুটি অধিবেশনে সম্পন্ন করা হয়। প্রথম অধিবেশনে Bangladesh National Building Code (BNBC) সম্পর্কে সার্বিক আলোচনা করা হয়। যেখানে প্রধান আলোচক ছিলেন বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার জাহিদ হাসান। পরবর্তী অধিবেশনে আলোচনার বিষয়বস্তু ছিল Advancement in Civil Aviation of Bangladesh. এই অধিবেশনে মুল বক্তা ছিলেন বাংলাদেশ সিভিল এভিয়েশন অথরিটির এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (সিভিল) মোহাম্মদ মেহেদি হাসান।

## সার্ভিস অটোমেশন সিস্টেম বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

০৩ অক্টোবর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সার্ভিস অটোমেশন সিস্টেম বিষয়ক এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বিভিন্ন বিভাগ, হল, দপ্তরের প্রধানগণ এবং কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন স্মার্ট বিশ্ববিদ্যালয় গঠনে বদ্ধপরিকর। শিক্ষার্থীদের হাতের মুঠোয় সকল ধরনের সেবা (ক্লিয়ারেন্স, ডকুমেন্ট প্রসেসিং, ই-পেমেন্ট ও বুকিং সিস্টেম) নিশ্চিত করতে এবং সেবাগুলো দ্রুত ও ঝামেলা মুক্ত করতে অনলাইনে সার্ভিস অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। এই প্রশিক্ষণের মাধ্যমে সেবাগুলো কার্যকর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে ছিলেন আইআইসিটির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম। প্রশিক্ষণে সভাপতিত্ব করেন কম্পিউটার এন্ড ইনফরমেশন সেন্টার এবং আইসিটি সেলের পরিচালক প্রফেসর মুহাম্মদ মাসুম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইসিটি সেলের অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মো. ফরহাদ রাব্বী।

## আইআইসিটির এসডব্লিউই সোসাইটি বিভিন্ন কার্নিভ্যালে অংশগ্রহণ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইআইসিটির এসডব্লিউই (সফটওয়ার ইঞ্জিনিয়ারিং) সোসাইটির Proshphut টিম গত ৭ অক্টোবর NASA Space Apps Challenge Bangladesh 2023 অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রথম রানারআপ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার প্রদান করেছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের SWE Society কর্তৃক আয়োজিত ২২ সেপ্টেম্বর হতে ৪ অক্টোবর পর্যন্ত ShellBeeHaken Presents IICT Sports Week-২০২৩ উদযাপন করা হয়।

এতে বিভিন্ন রকমের ইনডোর ও আউটডোর গেমসের আয়োজন করা হয়। এই ক্রীড়া সপ্তাহের উদ্বোধন করা হয় ২২ সেপ্টেম্বর এবং ৩ অক্টোবর পুরস্কার বিতরণ অনুষ্ঠান হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইসিটির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম। এছাড়া এবার লিডিং ইউনিভার্সিটিতে সিএসই কার্নিভ্যালে LUCC Presents CSE Carnival Chapter 2-এ অংশগ্রহণ করে সফটওয়ার ইঞ্জিনিয়ারিং সোসাইটির Debug Demons টিম অংশগ্রহণ করে Hackathon এ 2nd Runner-up হয়।

গত ৩১ আগষ্ট সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ প্রথম সেমিস্টার ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ড. এম এ ওয়াজেদ মিয়া আইআইসিটি ভবনের গ্যালারিতে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

উল্লেখ্য, CSE Society কর্তৃক আয়োজিত Bazooka চ্যাম্পিয়ন হয়েছিল SWE প্রোগ্রামের ছাত্রছাত্রীরা।



## পরিবহন সেবায় যুক্ত হলো নতুন দুইটি মাইক্রোবাস

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবহন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয়ের গাড়ি বহরে আরও দু'টিগাড়ি যুক্ত হলো। গত জুলাই ও সেপ্টেম্বর ২০২৩- এ পরিবহন দপ্তরের মাধ্যমে দুইটি মাইক্রোবাস (Grand Cabin) গাড়ি ক্রয় করা হয়। সম্প্রতি ক্রয়কৃত গাড়িগুলো লেটেস্ট মডেলের গাড়ি।

উল্লেখ্য, ১৯৮৯ সনে একটিমাত্র গাড়ি দিয়ে পরিবহনের যাত্রা শুরু হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ছোট ও বড় গাড়িসহ মোট গাড়ি সংখ্যা উনচল্লিশটি। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাস, মিনিবাস ও ছোটগাড়ি দিয়ে সার্বক্ষণিক পরিবহন ব্যবস্থা সচল রাখার চেষ্টা অব্যাহত আছে।



কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## আইকিউএসিতে আর-প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ১১ অক্টোবর তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইকিউএসির আয়োজনে 'Hands-on Training on Statistical Computing with R Programming for Advanced Users' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। এতে এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস, এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলোজি, লাইফ সায়েন্সেস এবং ফিজিক্যাল সায়েন্সেসের বিভিন্ন বিভাগের ৪২ জন শিক্ষক অংশ গ্রহণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

এ সময় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু সাঈদ আরফিন খাঁন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মুহাম্মদ মুহসিন আজিজ খান এবং সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ইশরাত ইবনে ইসমাইল এবং প্রফেসর ড. মো. মাহবুবুল হাকিম।

## গুণগত ডেটা বিশ্লেষণ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ২৩ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেলের আয়োজনে 'Hands-on Training on Qualitative Data Analysis with NVivo' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী



কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। প্রশিক্ষণটিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. শাহজাহান মিয়া।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ মুহসিন আজিজ খান এবং সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক মো. ইশরাত ইবনে ইসমাইল ও প্রফেসর ড. মো. মাহবুবুল হাকিম। প্রশিক্ষণে বিভিন্ন অনুষদের ২৭ জন গবেষক অংশগ্রহণ করেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## আইকিউএসিতে টিচিং-লার্নিং বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি

গত ২৭ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সকাল ১০টায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুউরেন্স সেলের আয়োজনে 'Hands-on Training: Teaching Learning Assessment Strategies and Classroom Management' শীর্ষক দুইদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। প্রশিক্ষণটিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ এর প্রফেসর ড. এস. এম. হাফিজুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ মুহসিন আজিজ খান এবং সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক মো. ইশরাত ইবনে ইসমাইল এবং প্রফেসর ড. মো. মাহবুবুল হাকিম।

প্রশিক্ষণে বিভিন্ন অনুষদ থেকে ৩০জনের অধিক শিক্ষক অংশগ্রহণ করেন।

## কেন্দ্রীয় গ্রন্থাগারে প্রশিক্ষণ অনুষ্ঠিত

কেন্দ্রীয় গ্রন্থাগারে বিদ্যমান রিসোর্সসমূহ এবং নব-প্রবর্তিত সেবাসমূহ সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার লক্ষ্যে "e-Resources Usage and Services of Central Library" শীর্ষক পৃথক দুটি ওয়ার্কশপ আয়োজন করে। ওয়ার্কশপ দুটিতে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। ১ম ওয়ার্কশপ গত ২৮ নভেম্বর স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস অন্তর্ভূক্ত সকল বিভাগের শিক্ষকবৃন্দ এবং ২য় ওয়ার্কশপ গত ১৮ ডিসেম্বর স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি অন্তর্ভূক্ত সকল বিভাগের শিক্ষকবৃন্দকে নিয়ে অনুষ্ঠিত হয়। উভয় ওয়ার্কশপে সভাপতিত্ব



কর্মশালায় বক্তব্য রাখছেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন

করেন লাইব্রেরিয়ান (ইনচার্জ) প্রফেসর ড. মো. আজিজুল বাতেন এবং সঞ্চালনা করেন ডেপুটি লাইব্রেরিয়ান মোহাম্মদ মতিউর রহমান খান।

## নৃবিজ্ঞান বিভাগে কর্মশালা অনুষ্ঠিত

নৃবিজ্ঞান বিভাগের অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে বিভাগের স্নাতক (সম্মান) শেষ বর্ষ ও মাস্টার্সের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্যারিয়ার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় উপস্থিত ছিলেন নৃবিজ্ঞান অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি সঞ্জয় কৃষ্ণ বিশ্বাস, নৃবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর আ ফ ম জাকারিয়া, বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ, অ্যালাইমনাই এসোসিয়েশনের সদস্যবৃন্দ ও বিভাগের স্নাতক শেষ বর্ষ ও মাস্টার্সের শিক্ষার্থীবৃন্দ।

ক্যারিয়ার বিষয়ক বিভিন্ন সেশন পরিচালনা করেন নৃবিজ্ঞান অ্যালামনাই এসোসিয়েশনের সদস্যবৃন্দ।

## পলিটিক্যাল স্টাডিজ অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী ও সাধারণ সভা অনুষ্ঠিত

গত ২৮ জুলাই বিশ্ববিদ্যালয় মিনি অডিটরিয়ামে পলিটিক্যাল স্টাডিজ অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী ও সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের সাথে অ্যালামনাইদের নিবিড় সম্পর্ক বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করে। তাই বিশ্ববিদ্যালয় প্রশাসন এধরনের আয়োজনকে উৎসাহিত করে। আমি আয়োজনের জন্য



অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. দিলারা রহমান, প্রফেসর ড. জায়েদা শারমিন, প্রফেসর ড. সৈয়দ আশরাফুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেট্রোপলিটন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং পিএসএস অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল হক এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন পিএসএস অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ইমরান আহমেদ।


কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## অডিট ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত

গত ২৯ জুলাই শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ড. এম এ ওয়াজেদ মিয়া আইআইসিটি ভবনের ভার্চুয়াল ল্যাব কক্ষে অডিট ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. মো. আবু তাহের।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর মো. ড. কবির হোসেন, আইআইসিটির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। সভাপতির বক্তব্যে তিনি বলেন অনিয়ম ও অন্যায় মেনে নেয়া যাবে না। তিনি আরও বলেন, আর্থিক শৃঙ্খলা ছাড়া প্রতিষ্ঠান গতিশীল ও কার্যকরী হয় না। আজকের এই কর্মশালা আর্থিক ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি করবে।

উল্লেখ্য, কর্মশালায় ৭ টি বিশ্ববিদ্যালয়ের ১৫জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## প্রফেসর এম হাবিবুর রহমান স্মরণ সভা অনুষ্ঠিত

গত ২৭ জুলাই শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর এম হাবিবুর রহমানের ১৭তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে স্মরণ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, প্রফেসর এম হাবিবুর রহমান ছিলেন সৎ, সজ্জন, কর্মচঞ্চল একজন গুণী শিক্ষক ও প্রশাসক। তিনি এ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, রেজিস্ট্রার এবং সমাজকর্ম বিভাগের প্রতিষ্ঠাতা ছিলেন। তাঁর অবদান বিশ্ববিদ্যালয় প্রশাসন শ্রদ্ধাভরে স্মরণ রাখবে।

স্মরণ সভায় প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. তাহমিনা ইসলাম। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এনামুল হাবিব।



স্মরণ সভায় বক্তব্য রাখছেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. আজিজুল হক, প্রফেসর ড. আ ক ম মাহবুবুজ্জামান, প্রফেসর ড. ফয়সল আহম্মদ, প্রফেসর ড. মো. ইসমাইল হোসেন, প্রফেসর ড. তুলসী কুমার দাস, প্রফেসর ড. মো. শফিকুর রহমান চৌধুরী।

সভায় সভাপতিত্ব করেন সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহ. মিজানুর রহমান এবং সঞ্চালনা করেন সহযোগী অধ্যাপক মো. আবুল কাশেম।

সভায় প্রফেসর এম হাবিবুর রহমান ট্রাস্টের পক্ষ থেকে ৮জন শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়।

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ডে-কেয়ার সেন্টার আধুনিকায়ন

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) স্থাপিত আধুনিকায়নকৃত ডে-কেয়ার সেন্টারের উদ্বোধন করা হয়েছে। গত ১১ সেপ্টেম্বর ইউনিভার্সিটি সেন্টার ভবনের দ্বিতীয় তলায় এ সেন্টারের উদ্বোধন হয়।

উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ডে-কেয়ার সেন্টারে এক্সটেনশন, লজিস্টিক সাপোর্ট প্রদানসহ শিশুদের জন্য এতো সুন্দর আয়োজন দেখে খুবই ভাল লাগছে। এই পরিবেশ সুন্দর করার পেছনে যারা কাজ করেছে তারা বিশ্ববিদ্যালয়েরই একটা অংশ। তাদের পরিশ্রমে এটা এতো সুন্দর রূপ নিয়েছে।

এখানে শিশুরা যেন তাদের সময় কাটানোর জন্য যথাযথ লজিস্টিক সাপোর্ট পায় সেজন্য আমাদের নির্দেশনা প্রদান করা আছে। আমরা এখন প্রতিটা কাজকেই টেকসই করতে চাচ্ছি যেন তা থেকে এ বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন সুবিধা পায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো.



ডে-কেয়ার সেন্টার উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিবৃন্দ

কবির হোসেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, প্রক্টর প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী, শিক্ষক সমিতির সভাপতি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. চন্দ্রানী নাগ, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. আবু সাঈদ আরফিন খান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মাহবুবুল হাকিম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ, সাধারণ সম্পাদক সায়েম তালুকদার সহ শিক্ষক সমিতির সদস্য এবং প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দ।



সেমিনারে বক্তব্য রাখছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর

# তথ্য অধিকার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

গত ২০ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রাইট টু ইনফরমেশন (আরটিআই), এপিএ-এর আয়োজনে মিনি অডিটোরিয়ামে তথ্য অধিকার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সেমিনারে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, ইনস্টিটিউটের পরিচালক এবং দপ্তরপ্রধানগণ অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, তথ্য মানুষকে অন্ধকার থেকে আলোতে নিয়ে আসে। ২০০৯ সালে তথ্য অধিকার আইন পাস বাংলাদেশের ইতিহাসে অন্যতম গুরুত্বপূর্ণ ঘটনা। তথ্য অধিকার বাস্তবায়নের ফলে প্রতিষ্ঠান সুশাসন প্রতিষ্ঠায় এগিয়ে থাকে। এ বিশ্ববিদ্যালয় গুণগত কাজের জন্য প্রশংসিত। আগামী দিনগুলোতে আরো এগিয়ে যাবে এই প্রত্যাশা করি।

সেমিনারে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। সভাপতির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন সুশাসন প্রতিষ্ঠায় সর্বদা তৎপর। তথ্যের অধিকারের প্রতি আমরা শ্রদ্ধাশীল। আমরা ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রায় সকল ক্ষেত্রে জবাবদিহিতা, স্বচ্ছতা নিশ্চিত করেছি।

তিনি আরো বলেন, শিক্ষক নিয়োগে আমরা গুণগত মানের ক্ষেত্রে কখনো আপোষ করিনি এবং করবও না। সেশন জট, র‍্যাগিং রোধ করা হয়েছে। শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তাদের স্বাস্থ্যবীমার আওতায় নিয়ে আসা হয়েছে। এপিএতে তলানি থেকে শীর্ষ দুইয়ে আমরা উঠে এসেছি। আগামী দিনগুলোতে এ অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান এবং আলোচক হিসেবে ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তথ্য অধিকারের ফোকাল পয়েন্ট এবং জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগের উপপরিচালক মোহাম্মদ আব্দুল মান্নান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন এপিএ-এর বিশ্ববিদ্যালয় ফোকাল পয়েন্ট উপরেজিস্ট্রার আ ফ ম মিফতাউল হক।




অনলাইন সার্টিফিকেট সার্ভিস চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## অনলাইন সার্টিফিকেট সার্ভিস প্রদান বিষয়ে চুক্তি স্বাক্ষর

গত ২৬ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রশাসন ভবনের সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে রিলিফ ভেলিডেশনের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান শাবিপ্রবির জন্য এক নতুন ইতিহাস। দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে ই-সাইন সার্টিফিকেট প্রবর্তন করতে যাচ্ছে এ বিশ্ববিদ্যালয় যা স্মার্ট বাংলাদেশ গঠনে কার্যকরী ভূমিকা পালন করবে। আন্তর্জাতিক মানের সাইবার  নিরাপত্তা ব্যবস্থায় ২০১৭ -২০১৮ শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থীরা ই-সাইন সার্টিফিকেটের আওতায় আসবে।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, সিএসই বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ রেজা সেলিম, রিলিফ ভেলিডেশানের চিফ ফিনান্সিয়াল অফিসার মো. সাফকাত মতিন, রিলিফ ভেলিডেশানের চিফ অপারেটিং অফিসার আনড্রেস রিথমুলার ।

এ সময় অন্যান্যের উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ড. চন্দ্রানী নাগ, আইআইসিটির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ফজলুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক মুজিবুর রহমানসহ বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, হল প্রভোস্টবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রমুখ।



আলোকচিত্র প্রদর্শনী প্রত্যক্ষ করছেন শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

## প্রথম ছাত্রী হলে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোকচিত্র প্রর্দশনী

জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৬ ও ১৭ আগস্ট প্রথম ছাত্রীহল একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। স্বাধীন বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁরই পরিবারের রক্তে রঞ্জিত হয়েছিল স্বাধীন বাংলার মাটি যা এ দেশ ও জাতির জন্য বেদনাদয়ক ও অত্যন্ত দুর্ভাগ্যজনক একটি অধ্যায়। আর সেই রক্তাক্ত ইতিহাসকে আলোকচিত্রের মাধ্যমে শিক্ষার্থীদের সামনে তুলে ধরাই ছিল এই আয়োজনের উদ্দেশ্য। শিক্ষার্থীরা ঘুরে ঘুরে আলোকচিত্র প্রদর্শনী উপভোগ করে বাঙালির আত্মত্যাগী ইতিহাস সম্পর্কে জ্ঞান লাভ করে।



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কথাসাহিত্যিক আহমাদ মোস্তফা কামাল

## বাংলা বিভাগে সৈয়দ ওয়ালীউল্লাহর জন্ম শতবর্ষ উদ্‌যাপন

বাংলা বিভাগের বাংলা সমিতির আয়োজনে গত ৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহর জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে বক্তৃতামালার আয়োজন করা হয়। বাংলা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ফারজানা সিদ্দিকার সভাপতিত্বে এবং সহযোগী অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বর্তমানের অন্যতম কথাসাহিত্যিক আহমাদ মোস্তফা কামাল। বক্তব্যের বিষয় ছিল 'শতবর্ষে সৈয়দ ওয়ালীউল্লাহ: একটি পুনর্বিবেচনার খসড়া'। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলা বিভাগসহ শাবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা। অনুষ্ঠানে প্রধান বক্তাকে উত্তরীয় ও সম্মাননা ক্রেস্ট দিয়ে বরণ করে নেয়া হয়।

## আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় 'সাস্ট গেস্ট ফোর্সেস' টিম চ্যাম্পিয়ন

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের 'সাস্ট গেস্ট ফোর্সেস' টিম অপর ৯৯ টিমকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ গত ২৮ জুলাই প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই টিমের কোচের দায়িত্ব পালন করেন সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ইনামুল হাসান।

## লাইব্রেরি ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্রছাত্রীদেরকে লাইব্রেরির বই, জার্নাল, দৈনিক পত্রিকা ও অন্যান্য রিসোর্স ব্যবহার এবং তাদের লেনদেন সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেয়ার লক্ষ্যে প্রতিবারের মতো এবারও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পাঁচদিন ব্যাপী (১০-১৪ সেপ্টেম্বর) লাইব্রেরি ওরিয়েন্টেশন প্রোগ্রাম কেন্দ্রীয় গ্রন্থাগারের ২য় তলায় অনুষ্ঠিত হয়। প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন ও কোষাধ্যক্ষ প্রফেসর

আমিনা পারভীন এবং লাইব্রেরিয়ান প্রফেসর ড. মো. আজিজুল বাতেনসহ গ্রন্থাগারের সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত সিএসই বিভাগের ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশনের মাধ্যমে এই প্রোগ্রামের কার্যক্রম শুরু হয়।

## দক্ষিণ এশিয়ার সাম্প্রতিক রাজনীতি বিষয়ে ওয়েবিনার অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল স্টাডিজ বিভাগের উদ্যোগে ছয়টি দেশের গবেষকদের নিয়ে দক্ষিণ এশিয়ার সাম্প্রতিক রাজনৈতিক উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে।

১৭ অক্টোবর, মঙ্গলবার বাংলাদেশ সময় বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাভবন ডি-এর ৩০০১ নম্বর কক্ষে এবং একইসঙ্গে অনলাইন প্ল্যাটফর্ম জুম অ্যাপে এ ওয়েবিনারের আয়োজন করা হয়।

এতে ভারত, চীন, পাকিস্তান, শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত এবং বাংলাদেশের রাজনৈতিক বিশ্লেষক ও গবেষকরা প্রবন্ধ ও বিষয়ভিত্তিক আলোচনা করেন।

ওয়েবিনারে শাবিপ্রবির পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রধান প্রফেসর ড. সৈয়দ আশরাফুর রহমানের সভাপতিত্বে ও একই বিভাগের অধ্যাপক ড. মো. সাহাবুল হকের সঞ্চালনায় আলোচনা ও প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. অভিষেক কর্মকার, পাকিস্তানের লাহোর স্কুল অব ইকোনমিক্সের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. এজাজ হোসেন, শ্রীলঙ্কার কলম্বো বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর ড. চামিন্দা পদ্মকুমার ও সংযুক্ত আরব আমিরাতের শারজাহ বিশ্ববিদ্যালযের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান।

এছাড়া আলোচক হিসেবে ছিলেন চীনের ইউনান ইউনিভার্সিটির সাউথ এশিয়া ইনস্টিটিউটের পরিচালক ড. হো ঝিয়াওয়েন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর ড. ইমতিয়াজ আহমেদ।

প্রফেসর ইমতিয়াজ দক্ষিণ এশিয়ার গণতন্ত্রের চিত্র তুলে ধরেন। বিশেষ করে বাংলাদেশের গণতন্ত্র নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

ইউনান বিশ্ববিদ্যালয়ের ড. হো ঝিয়াওয়েন দক্ষিণ এশিয়ায় সমসাময়িক রাজনৈতিক বিভিন্ন সমস্যায় সহযোগিতাপূর্ণ সম্পর্ক এবং চীনের বিভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানের সমাপনী পর্বে শাবিপ্রবির পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রফেসর ড. নজরুল ইসলাম ওয়েবিনারের সব বিষয়ে উন্মুক্ত আলোচনা করেন এবং বিভিন্ন প্রশ্নোত্তর করেন।

## বীমার আওতায় শাবিপ্রবি শিক্ষার্থীরা

শিক্ষার্থীদের বীমাভূক্ত করতে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেডের মধ্যে



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অতিথিবৃন্দ

আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

শিক্ষার্থীদের বীমাভূক্ত করতে শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন ও প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. রফিকুল আলম ভূঁইয়া চুক্তিতে সই করেন।

১৩ আগস্ট সকাল ১১টায় শাবিপ্রবির প্রশাসন ভবন-২ এর চতুর্থ তলার সভাকক্ষে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেডের পক্ষে প্রতিষ্ঠানের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. রফিকুল আলম ভূঁইয়া চুক্তিতে স্বাক্ষর করেন।

প্রাথমিকভাবে এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বীমার আওতায় আসবে।

অনুষ্ঠানে প্রধান হিসেবে বক্তব্য রাখেন শাবিপ্রবি ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেডের পক্ষে প্রতিষ্ঠানের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সাঈদ হাসান রুবেল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ডিনবৃন্দ, বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানগণ, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্টসহ প্রশাসনে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা।

## বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল ও প্রধান ফটকে বনায়ন ও সৌন্দর্যবর্ধন কর্মসূচি

গত ১৮ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল ও প্রধান ফটকে বনায়ন ও সৌন্দর্য বর্ধন কর্মসূচির উদ্বোধন করা হয়। বেলা ২:৩০ মিনিটে প্রধান ফটকে শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ এস এম মাকসুদ কামাল ফুল গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। একইসময় শাবিপ্রবির প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মো. মাকসুদুর রহমান গাছের চারা রোপন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বনায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু সাঈদ আরফিন খাঁন, কমিটির সদস্য সহযোগী অধ্যাপক স্থপতি সুব্রত দাশসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রমোশন-আপগ্রেডেশন

**অক্টোবর-ডিসেম্বর ২০২৩ সময়ে নিয়োগ আপগ্রেডেশন তালিকা**

নিয়োগপ্রাপ্ত শিক্ষক: ড. আহসান হাবীব, সহযোগী অধ্যাপক, আইআইসিটি; ড. মো. কামরুজ্জামান খাঁন প্রিন্স, সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ; ড. সুব্রত সরকার, সহযোগী অধ্যাপক, ওশেনোগ্রাফি বিভাগ; ড. মোহাম্মদ এনামুল হক, সহকারী অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ; জনাব মো. সিয়ামুল বাশার, সহকারী অধ্যাপক, এমইই বিভাগ; জনাব সুবর্না নন্দী মজুমদার, সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব জুবেলী বেগম, প্রভাষক, সমাজবিজ্ঞান বিভাগ; জনাব চাঁদ মিয়া, প্রভাষক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব ফারিয়া বিনতে আরিফ, প্রভাষক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব মো. আশরাফুল হক, প্রভাষক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব পাপিয়া রহমান, প্রভাষক, বিএমবি বিভাগ; জনাব সানজিদা আক্তার, প্রভাষক, বিএমবি বিভাগ; জনাব মো. শাদমীম হাসান সিফাত, প্রভাষক, সিএসই বিভাগ; জনাব মো. মেহেদী হাসান, প্রভাষক, সিএসই বিভাগ; জনাব আব্দুল্লাহ আল নোমান, প্রভাষক, সিএসই বিভাগ; জনাব মাহফুজুর রহমান ইমন, প্রভাষক, আইআইসিটি এবং জনাব ফজলে রাব্বি রাকিব, প্রভাষক, আইআইসিটি।

আপগ্রেডেশনপ্রাপ্ত শিক্ষক: ড. মো. আলমগীর কবীর, অধ্যাপক, গণিত বিভাগ; ড. ফাহমিদা আক্তার, অধ্যাপক, পিএসএস বিভাগ; ড. মোহাম্মদ ফাখরুছ ছালাম, সহযোগী অধ্যাপক, পিএসএস বিভাগ; ড. ফারহানা আহমেদ, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব চৌধুরী আব্দুল্লাহ আল বাকী, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব হালিমা আক্তার, সহযোগী

অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব করিমা বেগম, সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব এইচ.এম. সাইফুদ্দিন, সহযোগী অধ্যাপক, বিএমবি বিভাগ; ড. মো. মাসুদ পারভেজ, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ এবং জনাব সানজিদা সুলতানা জেরিন, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ।

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা: জনাব সোহেল উদ্দিন আহমেদ, হিসাব পরিচালক, হিসাব দপ্তর; ডা. সুচন্দা রায়, সিনিয়র মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার এবং ডা. শান্তা দাস, সিনিয়র মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার।

আপগ্রেডেশনপ্রাপ্ত কর্মকর্তা: জনাব চিনু মোহন দাস, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর।

**জুলাই-সেপ্টেম্বর ২০২৩ সময়ে নিয়োগ আপগ্রেডেশন তালিকা**

নিয়োগপ্রাপ্ত শিক্ষক: জনাব জাহিদ হাসান সৌরভ, সহকারী অধ্যাপক, এফইটি বিভাগ; জনাব মাহাবুব আলম, সহকারী অধ্যাপক, এফইটি বিভাগ; জনাব মোশরেফা বেগম মিশু, প্রভাষক, বাংলা বিভাগ; জনাব সুস্মিতা রায়, প্রভাষক, ইংরেজি বিভাগ; জনাব সাব্বির আহমেদ দিব্য, প্রভাষক, ইংরেজি বিভাগ; জনাব মোসা. তামান্না আক্তার, প্রভাষক, ব্যবসায় প্রশাসন বিভাগ; জনাব মোহনা দাস গুপ্তা, প্রভাষক, ইইই বিভাগ এবং জনাব নাইমা সুলতানা সুপ্তি, প্রভাষক, ইইই বিভাগ।

আপগ্রেডেশনপ্রাপ্ত শিক্ষক: জনাব নাজমুন্নেছা বখত, অধ্যাপক, অর্থনীতি বিভাগ; ড. মো. মাহবুবুল হাকিম, অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব মনির উদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব মো. আসলাম হোসেন, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; ড. অমিত রায়, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব সঞ্জয় কৃষ্ণ বিশ্বাস, সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ এবং জনাব তানিয়া জান্নাতুল কোবরা, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ।



বিজয়ীদের হাতে ট্রফি তুলে দিচ্ছেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন

## আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা সম্পন্ন

গত ৩ সেপ্টেম্বর বিকেল ৫টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হ্যান্ডবল গ্রাউন্ডে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা- ২০২৩ এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিজয়ী এবং পরাজিত সকল ফাইনালিস্ট দলকে অভিনন্দন ও শুভেচ্ছা। খেলাধুলার মূল উদ্দেশ্য ফাইনালে চ্যাম্পিয়ন হওয়া নয়। সুস্থ সবল মন ও মানসিকতা এবং শারীরিকভাবে সুস্থ থাকাই খেলাধুলার মৌলিক উদ্দেশ্য। সকলকে সৌহার্দপূর্ণ পরিবেশ বজায় রেখে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন। এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম এবং প্রক্টর প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া। বেলা ৩টায় অনুষ্ঠিত ছাত্রদের ফাইনাল খেলায় আইপিই বিভাগ সিএসই বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন এবং ছাত্রীদের খেলায় সমাজকর্ম বিভাগ ওশেনোগ্রাফি বিভাগকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। উল্লেখ্য, ১৪ সেপ্টেম্বর শুরু হওয়া প্রতিযোগিতায় ছাত্রদের ২৮টি এবং ছাত্রীদের ২১টি দল অংশগ্রহণ করে।

## উন্মুক্ত দাবা, ক্যারাম, টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ১৮ অক্টোবর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিকাল ৪টায় শারীরিক শিক্ষা দপ্তরের আয়োজনে শারীরিক শিক্ষা ভবনে উন্মুক্ত দাবা, ক্যারাম টেবিল টেনিস প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলার মাধ্যমে মন প্রফুল হয়, দেহের ভারসাম্য ঠিক থাকে। আজকে যারা পুরস্কার পাচ্ছে তাদের সহ সকল অংশগ্রহণকারী শিক্ষার্থীদের শুভেচ্ছা।

## শাবি ক্লাবের ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৪ অক্টোবর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হ্যান্ডবল গ্রাউন্ডে শাবিক্লাব আয়োজিত ভলিবল প্রতিযোগিতা ২০২৩- অনুষ্ঠিত। হ্যান্ডবল গ্রাউন্ডে প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলা মনকে সতেজ ও শরীরকে প্রাণচঞ্চল করে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল ধরনের খেলাধুলাকে উৎসাহিত করে। আজকের মত আগামীতেও খেলাধুলার এই আয়োজন অব্যাহত থাকুক এই প্রত্যাশা করি।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাবি ক্লাবের সভাপতি প্রফেসর ড. তুলসী কুমার দাস এবং স্বাগত বক্তব্য রাখেন শাবিক্লাবের সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন শাবি ক্লাবের ক্রীড়া সম্পাদক প্রফেসর ড. মোহাম্মদ শফিকুল ইসলাম।

ফাইনালে সুরমা দল কুশিয়ারা দলকে পরাজিত করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে।




বিজয়ীদের হাতে ট্রফি তুলে দিচ্ছেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন ও কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন

# সাস্টবার্তা




মহান বিজয় দিবসে ক্যাম্পাসে শোভাযাত্রা

## মহান বিজয় দিবস উদযাপিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, বিজয় শোভাযাত্রা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা ও তথ্যচিত্র প্রদর্শনী।

সকাল ৭.৩০ মিনিটে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন। পতাকা উত্তোলন শেষে ভাইস চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলর সকাল ৭.৫০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারে এবং সকাল ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম এবং সদস্য সচিব ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, দপ্তর প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্রছাত্রী প্রমুখ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলরের শ্রদ্ধাঞ্জলির পর শিক্ষক সমিতি, ডিনস ফোরাম, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল প্রশাসন, ছাত্র সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল ৯টা ৩০মিনিটে বিশ্ববিদ্যালয় ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। তিনি পায়রা ও বেলুন উড়িয়ে বিজয় শোভাযাত্রাকে এগিয়ে নিয়ে যান। শোভাযাত্রাটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের গোলচত্ত্বরে এসে সমাপ্ত হয়।

সকাল ১০টায় 'ডি' বিল্ডিং গ্রাউন্ডে স্কুলের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠান পরিদর্শন করেন এবং প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরষ্কার বিতরণ করেন।

পরে ১১টায় হ্যান্ডবল মাঠে বিজয় দিবসের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করেন প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ।

সন্ধ্যা ৫.৩০মিনিটে মিনি অডিটোরিয়ামে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের উপর তথ্যচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

## শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল কালো ব্যাজ ধারণ, জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা এবং সন্ধ্যায় শহিদ বুদ্ধিজীবী স্মরণে মোমবাতি প্রজ্জ্বলন।

সকাল ৯টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন। তিনি সকাল ৯.২০ মিনিটে ক্যাম্পাসে কেন্দ্রীয় শহিদ মিনারে এবং সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। ভাইস চ্যান্সেলরের শ্রদ্ধাঞ্জলির পর শিক্ষক সমিতি, ডিনস ফোরাম, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল প্রশাসন, ছাত্র সংগঠন, সাংস্কৃতিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে।

পরে সকাল ১০.৩০মিনিটে বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে শহিদ বুদ্ধিজীবী স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আজকের এই দিনে একাত্তরের পরাজিত শক্তিরা নিশ্চিত পরাজয় বুঝতে পেরে জাতিকে মেধা ও নেতৃত্ব শূন্য করতে নৃশংস ও নির্বিচারে হত্যা করে এদেশের বুদ্ধিজীবী সূর্য সন্তানদের। আমাদেরকে বুদ্ধিজীবী হারানোর শোককে শক্তিতে পরিণত করে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নত, সমৃদ্ধ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আমিনা পারভীন, শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর ড. চন্দ্রানী নাগ। শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মো. মস্তাবুর রহমান, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মাজহারুল হাসান মজুমদার, প্রফেসর ড. তুলসী কুমার দাস, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেলের পরিচালক প্রফেসর ড. আবদুল গনি, প্রফেসর ড. মো. ফারুক উদ্দিন, শাবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ, সহায়ক কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক মো. ফয়সাল খান, কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. সাদেক আহমদ, সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে খলিলুর রহমান, সজিবুর রহমান, সুমন মিয়া প্রমুখ। সঞ্চালনা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান।




শহিদ বুদ্ধিজীবী দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

### মুদ্রণ ও প্রকাশনা কমিটি

সভাপতি
**প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম**, পিএসএস বিভাগ

সদস্য
**ড. মুনশী নাসের ইবনে আফজাল**, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
**জনাব তাসনিয়া মিজান চৌধুরী**, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ
**জনাব সানজিদা সুলতানা জেরিন**, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ

সদস্য-সচিব
**মো. নূরুল আমীন**, সহকারী রেজিস্ট্রার, জনসংযোগ শাখা

প্রকাশনায় : জনসংযোগ শাখা, রেজিস্ট্রার দপ্তর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। ফোন : পিএবিএক্স : +৮৮-০৮২১-৭১৩৪৯১, ৭১৪৪৭৯, ৭১৩৮৫০, ৭১৬১২৩;
ফ্যাক্স : +৮৮-০৮২১-৭১৫২৫৭; ই-মেইল : sustbarta@sust.edu; ওয়েবসাইট : www.sust.edu। মুদ্রণে : ছাপাকানন, মাছুদিঘির পাড়, তালতলা, সিলেট, ফোন : ০১৭১১৩৩৬৪০৭